**REGIONAL NEWS UNIT**
**ALL INDIA RADIO, AGARTALA**
**Date: 23-09-2026**
**Time: 07:55-08:05 PM Hrs**
**BENGALI EVENING BULLETIN**

---

**Headlines :**

**(১) রাজ্য সরকারী কর্মচারী ও পেনশনভোগীদের উৎসব অনুদান বৃদ্ধি করা হল।**

**(২) এডিসি'র ভিলেজ কমিটির ইলেকশন ডিউটি ভোট শেষ হচ্ছে আগামীকাল।**

**(৩) নির্বাচন কমিশন জানিয়েছে, ভোটের যাবতীয় সিদ্ধান্তে সর্বসম্মত মতই গ্রাহ্য করা হয়।**

**(৪) এশিয়ান গেমসে ১টি সোনা সহ ভারতের মোট পদক সংখ্যা দাঁড়িয়েছে ১২-তে।**

***********************************

**Finance Minister Ex-gratia :**

রাজ্য সরকারী কর্মচারী ও পেনশনভোগীদের জন্য আসন্ন দুর্গা পূজা উপলক্ষ্যে উৎসব অনুদানের হার বৃদ্ধি করা হয়েছে। আজ মহাকরণে সাংবাদিক সম্মেলনে অর্থমন্ত্রী প্রণজিৎ সিংহ রায় একথা জানান। তিনি জানান, এর ফলে, গ্রুপ সি, গ্রুপ ডি, ডি আর ডব্লিউ, পার্টটাইম ওয়ার্কার্স, ক্যাজুয়াল ওয়ার্কার, কন্ট্রাকচুয়াল, অঙ্গনওয়াড়ি সহ অন্যান্য ধরনের কর্মী মিলিয়ে ১ লক্ষ ৪৮ হাজার ৫০১ জন এবং ৮৫ হাজার ৯১৬ জন পেনশনভোগী, পারিবারিক পেনশনভোগী উপকৃত হবেন। এবছর উৎসব অনুদান বাড়ানো হয়েছে ৩০০ টাকা করে। এই বাবদ রাজ্য সরকারের ব্যয় হবে ৪৭ কোটি ১৬ লক্ষ টাকা। অর্থমন্ত্রী জানান, গ্রুপ সি, গ্রুপ ডি, অর্থ দপ্তর অনুমোদিত স্থির বেতনের গ্রুপ সি, গ্রুপ ডি কর্মী DRW কর্মীরা উৎসব আগাম হিসাবে ২০ হাজার টাকা করে নিতে পারবেন। অঙ্গনওয়াড়ি কর্মী ও

সহায়িকা আর হোমগার্ডদের জন্য এই আগামের পরিমান হবে ৫ হাজার টাকা এবং NHM এর আশাকর্মীরা আগাম হিসাবে ২০০০ টাকা পাবেন।

অর্থমন্ত্রী আরো বলেন, বিভিন্ন ধর্ম ও সম্প্রদায়ের সরকারি কর্মচারিগণ দুর্গাপূজা ছাড়াও বড়দিন, গড়িয়া পূজা, বুদ্ধ পূর্ণিমা, ঈদ-উজ-জোহা, বাংলা নববর্ষ, ঈদ-উল-ফিতর, গুরুনানক ও মহাবীর জন্মজয়ন্তী উপলক্ষ্যেও এই অগ্রিম উৎসব অনুদান পাওয়ার জন্য আবেদন করতে পারবেন। এক্ষেত্রে একজন সরকারি কর্মচারি যেকোনও একটি উৎসবেই অগ্রিম অনুদান পাওয়ার জন্য আবেদন করতে পারবেন।

****************************

**Ayushman Bharat Diwas-Unakoti :**

নবম "আয়ুষ্মান ভারত দিবস" উপলক্ষ্যে আজ স্বাস্থ্য দপ্তরের উদ্যোগে কৈলাশহরের RGM হাসপাতাল প্রাঙ্গণে এক অনুষ্ঠানের আয়োজন করা হয়। উদ্বোধন করেন ঊনকোটি জিলা পরিষদের সভাধিপতি অমলেন্দু দাশ। তিনি আয়ুষ্মান ভারত দিবসের তাৎপর্য ব্যাখ্যা করে বক্তব্য রাখেন। তিনি বলেন, ২০১৮ সালের আজকের দিনে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি ঝাড়খণ্ডের রাঁচি থেকে আয়ুষ্মান ভারত প্রধানমন্ত্রী জন আরোগ্য যোজনা চালু করেন।

***************************

**ADC Election EDV :**

এডিসি'র ভিলেজ কমিটির ইলেকশন ডিউটি ভোট আগামীকাল শেষ হচ্ছে। রাজ্য নির্বাচন কমিশনের সচিব অনুরাগ সেন জানিয়েছেন, গতকাল ও আজ মোট ৩৮টি ব্লকে ইলেকশন ডিউটি ভোট শেষ হয়েছে। আগামীকাল শেষদিনে ৬টি ব্লকে ইডিভি অনুষ্ঠিত হবে।

******************************

**PIB-Varta :**

কেন্দ্রীয় তথ্য ও সম্প্রচার মন্ত্রকের অধীন প্রেস ইনফরমেশন ব্যুরো, আগরতলা অফিসের উদ্যোগে আজ, উদয়পুরের পঞ্চায়েতি রাজ ট্রেনিং ইনস্টিটিউটে 'বার্তা' অনুষ্ঠানের আয়োজন করা হয়।

অনুষ্ঠানে সম্মানিত অতিথি ও বক্তাদের মধ্যে উপস্থিত ছিলেন গোমতী জিলা পরিষদের সভাধিপতি দেবল দেবরায়, উদয়পুর পুরপরিষদের চেয়ারম্যান শীতলচন্দ্র মজুমদার, আইসিএ দপ্তরের অবসরপ্রাপ্ত সহকারী অধিকর্তা দেবাশীষ লোধ, উদয়পুর সায়েন্স সেন্টারের ইন-চার্জ অয়ন সাহা এবং সমাজ শিক্ষা দপ্তরের জেলা পরিদর্শক বিপ্লব ঘোষ।

অনুষ্ঠানে 'নেশামুক্ত ভারত', 'সুশাসনের ১২ বছর', 'পোষণ মাস' এবং 'ক্যাচ দ্য রেইন'—এই গুরুত্বপূর্ণ বিষয়গুলির উপর বক্তব্য রাখেন উপস্থিত অতিথিরা। উপস্থিত ছিলেন গোমতী জেলার সাংবাদিকরা।

*****************************

**Mukhyamantri Samipeshu :**

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা বলেছেন, মুখ্যমন্ত্রী সমীপেষু নাগরিক এবং প্রশাসনের মধ্যে একটি গুরুত্বপূর্ণ সেতুবন্ধন হিসেবে কাজ করছে। যেখানে চিকিৎসা এবং বিভিন্ন ব্যক্তিগত সমস্যার সুরাহায় মানুষ সময়োপযোগী সহায়তা পাচ্ছেন। আজ আগরতলায় মুখ্যমন্ত্রী সমীপেষু অনুষ্ঠানে তিনি একথা বলেন।

***************************

**Bank-Open :**

গ্রাহকদের সুবিধার্থে আগামী রবিবার রাজ্যে ত্রিপুরা গ্রামীণ ব্যাঙ্কের সমস্ত শাখা খোলা থাকবে। ওই দিন ব্যাঙ্কের স্বাভাবিক কাজকর্ম চলবে এবং গ্রাহকরা সব ধরনের ব্যাঙ্কিং পরিষেবা গ্রহণ করতে পারবেন। আজ ত্রিপুরা গ্রামীণ ব্যাঙ্কের পক্ষ থেকে এই খবর জানানো হয়েছে।

******************************

**Maan Ki Baat :**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আগামী ২৭শে সেপ্টেম্বর রবিবার সকাল ১১টায় আকাশবাণীর 'মন-কি-বাত' অনুষ্ঠানে দেশ বিদেশের জনগনের সঙ্গে মতবিনিময় করবেন। এটি হতে যাচ্ছে 'মন-কি-বাত' এর ১৩৮তম পর্ব। প্রধানমন্ত্রী জনগণকে তাদের সুচিন্তিত চিন্তাভাবনা 'মন-কি-বাত' এ জানানোর আহ্বান জানিয়েছেন। my gov open forum –এ এবং নমো APP–এ জনগণ তাদের মতামত পাঠাতে পারবেন। এছাড়াও TOLL FREE NO. 1800-11-7800 নম্বরে কল করে হিন্দি বা ইংরেজীতে মতামত রেকর্ড করানো যাবে। ফোন এবং মেসেজ পাঠানো যাবে আগামী ২৫শে সেপ্টেম্বর রাত ১১টা ৪৫ মিনিট পর্যন্ত।

***************************

**Update Akashvani :**

এখবর শুনছেন, আকাশবাণী আগরতলা কেন্দ্র থেকে।

#######Sound Byte#######

আকাশবাণীর সংবাদের আপডেট পেতে লগ ইন করুন – ডব্লিউ. ডব্লিউ. ডব্লিউ ডট নিউজ অন এ আই আর ডট কম এবং নিউজ অন এ-আই-আর অ্যাপে। ফলো করুন - সোশ্যাল মিডিয়ায় ফেসবুক ও এক্স হ্যান্ডেল অল ইন্ডিয়া রেডিও নিউজ এবং ইনস্টাগ্রাম পেজ এ-আই-আর-নিউজ-এলার্টস। দেখুন অফিসিয়াল ইউটিউব চ্যানেল নিউজ-অন-এআইআর।

এছাড়াও আকাশবাণী আগরতলার সংবাদ আপডেট পেতে দেখুন এক্স হ্যান্ডেলে আকাশবাণী নিউজ আগরতলা / ফেসবুকে এ-আই-আর নিউজ আগরতলা এবং ইউটিউবে আকাশবাণী নিউজ আগরতলা।

****************************

**President-Convocation :**

রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু বলেছেন, যুবসমাজের প্রয়াসে ২০৪৭ সালের আগেই ভারত উন্নত দেশে পরিণত হতে পারে। গুজরাটের ভাদোদরায় মহারাজা সায়াজিরাও বিশ্ববিদ্যালয়ের ৭৫তম সমাবর্তন অনুষ্ঠানে আজ তিনি একথা বলেছেন।

তিনি প্রযুক্তিগত পরিবর্তনের সঙ্গে তাল মিলিয়ে বহুমুখী শিক্ষার ওপর গুরুত্ব দেন এবং বিভিন্ন ক্ষেত্রে নারীদের ক্রমবর্ধমান অংশগ্রহণের প্রশংসা করেন। অনুষ্ঠানে ১২,৬০০-এর বেশি শিক্ষার্থীর হাতে ডিগ্রি এবং ১৬০ জন শিক্ষার্থীকে স্বর্ণপদক প্রদান করা হয়।

দুই দিনের গুজরাট সফরে রাষ্ট্রপতি আজ ভাদোদরায় ব্রহ্মকুমারীদের গ্লোবাল স্পিরিচুয়াল প্যালেস রিট্রিট সেন্টারের উদ্বোধন করেন। পাশাপাশি ‘স্পিরিচুয়াল অ্যাওয়েকেনিং ফর ওয়ার্ল্ড রিনিউয়াল’ প্রকল্প এবং ‘ইয়ুথ ফর বিকশিত ভারত’ প্রচারাভিযানেরও সূচনা করেন।

*****************************

**Voice Over-Vocal for Local :**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী জনসেবা থেকে দেশসেবার মন্ত্রে দীক্ষিত হয়ে একনিষ্ঠ দায়বদ্ধতায় জনসেবার ক্ষেত্রে ২৫ বছর পূর্ণ করেছেন। সেবা ও সুশাসনের ভাবনায় কেন্দ্রীয় সরকার ২০৪৭ সালের মধ্যে 'বিকশিত ভারত' গড়ার লক্ষ্য অর্জনে নিরলস কাজ করে যাচ্ছে। অন্তর্ভুক্তিমূলক উন্নয়ন এবং সামাজিক ক্ষমতায়নের মাধ্যমে এই নিষ্ঠা মানুষের জীবনযাত্রার রূপান্তর ঘটাচ্ছে। আজ, এই বিশেষ ধারাবাহিক 'সেবা সংকল্প অভিযান'-এ, আমরা আপনাদের কাছে MyGov প্ল্যাটফর্মের মাধ্যমে Vocal for local পদক্ষেপ বা স্থানীয় উৎপাদন ও উৎপাদকদের জন্য সরব হওয়ার আহ্বান কিভাবে সুযোগ তৈরি করছে, চলুন, আজকের পর্বে সেটাই জেনে নেওয়া যাক।

#######VC#######

**************************

**ECI :**

নির্বাচন কমিশন জানিয়েছে, ভোটার তালিকা সংশোধনসহ সমস্ত সিদ্ধান্ত সর্বসম্মতভাবে নেওয়া হয়েছে।

কমিশন জানিয়েছে, সাম্প্রতিক অতীতে দেশজুড়ে একাধিক সিদ্ধান্ত নেওয়া, প্রায় ৪০টি নতুন উদ্যোগ চালু করা এবং বিশেষ নিবিড় সংশোধন বা SIR-সহ বিভিন্ন নির্বাচনী সংস্কার করা হয়েছে।

কমিশন জোর দিয়ে বলেছে, যে কোনও প্রতিষ্ঠানে আলোচনার সময় মতপার্থক্য ও বিভিন্ন মতামত স্বাভাবিক বিষয় এবং চূড়ান্ত সিদ্ধান্ত নেওয়ার আগে এগুলি সিদ্ধান্ত গ্রহণ প্রক্রিয়ারই অংশ। নির্বাচনী ব্যবস্থা আরও উন্নত করতে কমিশনের প্রত্যেক আধিকারিক তাঁদের মতামত দেওয়ার পূর্ণ অধিকার রাখেন। কমিশন সম্প্রতি বিহার, কেরল, তামিলনাড়ু, পুদুচেরি, অসম ও পশ্চিমবঙ্গে গুরুত্বপূর্ণ নির্বাচন এবং সংশ্লিষ্ট নির্বাচনী প্রক্রিয়া সফলভাবে সম্পন্ন করেছে।

নির্বাচন কমিশন জানিয়েছে, কমিশনের জারি করা সমস্ত সরকারি নির্দেশ, সিদ্ধান্ত ও প্রশাসনিক নির্দেশিকার পূর্ণ আইনি বৈধতা রয়েছে এবং সেগুলি প্রতিষ্ঠিত বিধিবদ্ধ প্রক্রিয়া মেনেই জারি করা হয়। কমিশনের ECINet-এর মতো ডিজিটাল প্ল্যাটফর্মগুলি বেআইনী হস্তক্ষেপ ও তথ্য বিকৃতি রুখতে কঠোর তথ্য-নিরাপত্তা ব্যবস্থার আওতায় পরিচালিত হয়। কমিশন জানিয়েছে, সাংবিধানিক দায়িত্ব সম্পূর্ণ নিষ্ঠার সঙ্গে পালনে তারা প্রতিশ্রুতিবদ্ধ।

****************************

**Newly Appointed Prabhari :**

রাজ্য বিজেপি'র প্রভারী হিসেবে দায়িত্ব পেলেন মৃগাঙ্ক দেও বর্মণ। সাংসদ বিপ্লব কুমার দেবকে মধ্যপ্রদেশের প্রভারীর দায়িত্ব দেওয়া হয়েছে। বিজেপি-র সর্বভারতীয় সভাপতি নীতিন নবীন আজ নতুন প্রভারীদের নাম ঘোষণা করেছেন।

****************************

**Asian Games :**

এশিয়ান গেমসে ভারতের সাফল্য অব্যাহত রয়েছে। আজ ভারতের পুরুষ ব্যাডমিন্টন দল ব্রোঞ্জ পদক লাভ করেছে। অন্যদিকে, জয় মীনা পুরুষদের ব্যক্তিগত সফট টেনিসে ব্রোঞ্জ জিতে ইতিহাস গড়েছেন; এটি সফট টেনিসে ভারতের প্রথম এশিয়ান গেমস পদক। শুটিংয়ে মহিলা এবং পুরুষদের স্কিট টিম উভয়েই ব্রোঞ্জ পদক জয় করে। এছাড়া মহিলাদের ৪৯ কেজি ভারোত্তোলনে রৌপ্য পদক জিতেছেন মীরাবাই চানু, যা ২৮ বছর পর এশিয়ান গেমসের ভারোত্তোলনে ভারতের প্রথম পদক।

ভারতীয় অ্যাথলিটদের এই সাফল্যের জন্য রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু, প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী এবং কেন্দ্রীয় ক্রীড়ামন্ত্রী ড. মনসুখ মান্ডবিয়া বিজয়ী খেলোয়াড়দের অভিনন্দন ও শুভেচ্ছা জানিয়েছেন। ১টি সোনা, ৫টি রুপো ও ৬টি ব্রোঞ্জ সহ ভারতের মোট পদক সংখ্যা দাঁড়িয়েছে ১২-য়।

****************************

**Weather :**

বঙ্গোপসাগরের পশ্চিম-মধ্য এবং সংলগ্ন উত্তর-পশ্চিম অংশে অবস্থানরত গভীর নিম্নচাপটি উত্তর-পশ্চিম দিকে অগ্রসর হয়ে আজ রাতের মধ্যে উত্তর অন্ধ্রপ্রদেশ ও দক্ষিণ ওড়িশা উপকূল অতিক্রম করতে পারে। ওড়িশার কলিঙ্গপত্তনম হয়ে বিশাখাপত্তনম ও গোপালপুরের মধ্যবর্তী এলাকা দিয়ে এই নিম্নচাপ স্থলভাগে প্রবেশের সম্ভাবনা রয়েছে। গভীর নিম্নচাপের প্রভাবে আগামী ২৪ ঘন্টায় রাজ্যের সবকটি জেলায় বজ্রবিদ্যুৎ সহ হালকা থেকে মাঝারি বৃষ্টিপাতের সম্ভাবনা রয়েছে। আগামীকাল দিনের সর্বোচ্চ তাপমাত্রা ৩৪ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ২৬ ডিগ্রি সেলসিয়াসের কাছাকাছি থাকতে পারে। আজ দিনের সর্বোচ্চ তাপমাত্রা ছিল ৩৩.২ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ২৫.৬ ডিগ্রী সেলসিয়াস।

****************************